গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

স্মারক নং- ১০.০৭.০০০০.০০১.৯৯.০১১.২৬-২৯৮

তারিখঃ ০৮ শ্রাবণ ১৪৩৩
২৩ জুলাই ২০২৬

# স্পেশাল মেডিয়েটর নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি

আইনগত সহায়তা প্রদান (সংশোধন) আইন, ২০২৬ এর ধারা ১৫ক এবং আইনগত সহায়তা প্রদান (আইনি পরামর্শ ও মধ্যস্থতা) বিধিমালা, ২০২৫ এর বিধি ২৬ এর বিধান অনুযায়ী নিম্নোক্ত জেলাসমূহের জেলা লিগ্যাল এইড অফিসে জেলা ও চৌকি আদালত এর আইনগত সহায়তা প্রদান কার্যক্রমের আওতায় মধ্যস্থতা কার্যক্রম পরিচালনার জন্য জরুরিভিত্তিতে স্পেশাল মেডিয়েটর নিয়োগ করা হবে। মধ্যস্থতা বিষয়ে অভিজ্ঞ ও বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত আইনজীবীগণের মধ্য হতে স্পেশাল মেডিয়েটর নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আগ্রহী প্রার্থীদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

**১। কর্ম এলাকা:**

| কর্ম এলাকা (জেলা) | স্পেশাল মেডিয়েটর সংখ্যা | কর্ম এলাকা (জেলা) | স্পেশাল মেডিয়েটর সংখ্যা |
|---|---|---|---|
| ১) কক্সবাজার জেলা: | i) মহেশখালী চৌকি - ১ জন<br>ii) কুতুবদিয়া চৌকি - ১ জন | ২) ভোলা জেলা: | i) জেলা সদর ১ জন<br>ii) চরফ্যাশন চৌকি- ১ জন<br>iii) মনপুরা চৌকি - ১ জন |
| ৩) পটুয়াখালী জেলা: | i) পটুয়াখালী সদর-২জন<br>ii) গলাচিপা চৌকি ১ জন<br>iii) রাঙ্গাবালি চৌকি ১ জন<br>iv) মির্জাগঞ্জ চৌকি ১ জন<br>v) কলাপাড়া চৌকি ১ জন<br>vi) দশমিনা চৌকি ১ জন | ৪) পঞ্চগড় জেলা: | i) জেলা সদর ১ জন |
| ৫) টাঙ্গাইল জেলা: | i) জেলা সদর ১ জন | | |

**২। পদের নাম:**

স্পেশাল মেডিয়েটর (Special Mediator)

**৩। প্রার্থীর যোগ্যতা:**

১। বাংলাদেশ সুপ্রিম কোর্ট অথবা সংশ্লিষ্ট জেলা জজ আদালত/চৌকি আদালতে আইনজীবী হিসেবে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

২। দেওয়ানি, ফৌজদারি, পারিবারিক বিভিন্ন ধরনের মামলা পরিচালনায় পর্যাপ্ত দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।

৩। বিকল্প বিরোধ নিষ্পত্তি (ADR) বা মধ্যস্থতা কার্যক্রম পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে।

৪। মধ্যস্থতা বিষয়ে বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।

৫। বাংলাদেশ বার কাউন্সিলের হালনাগাদ সনদ এবং সংশ্লিষ্ট জেলা আইনজীবী সমিতির বৈধ সদস্যপদ থাকতে হবে।

## ৪। দায়িত্ব, শর্তাবলি ও আচরণগত বাধ্যবাধকতা:

১। স্পেশাল মেডিয়েটর আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০, আইনগত সহায়তা প্রদান (আইনি পরামর্শ ও মধ্যস্থতা) বিধিমালা, ২০২৫ এবং বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর কর্তৃক জারিকৃত নির্দেশনা, পরিপত্র ও আদেশ অনুসরণপূর্বক দায়িত্ব পালন করবেন।

২। স্পেশাল মেডিয়েটর নিরপেক্ষতা, গোপনীয়তা, পেশাগত সততা ও ন্যায়সংগত আচরণের নীতি অনুসরণ করে মধ্যস্থতা কার্যক্রম পরিচালনা করবেন।

৩। কোনো পক্ষের সঙ্গে স্বার্থের দ্বন্দ্ব (Conflict of Interest) বিদ্যমান থাকলে তিনি সংশ্লিষ্ট মধ্যস্থতা কার্যক্রম পরিচালনা করবেন না এবং বিষয়টি সংশ্লিষ্ট লিগ্যাল এইড অফিসারকে অবহিত করবেন।

৪। মধ্যস্থতা কার্যক্রম সংক্রান্ত সকল তথ্য, নথি ও আলোচনা গোপনীয় হিসেবে বিবেচিত হবে এবং আইন বা বিধি দ্বারা অনুমোদিত ক্ষেত্র ব্যতীত প্রকাশ করা যাবে না।

৫। স্পেশাল মেডিয়েটর সংশ্লিষ্ট জেলা লিগ্যাল এইড অফিসের প্রশাসনিক সমন্বয়ে দায়িত্ব পালন করবেন এবং প্রয়োজনীয় রেজিস্টার, প্রতিবেদন ও নথিপত্র সংরক্ষণে সহযোগিতা করবেন।

৬। নির্ধারিত ছকে মাসিক কার্যক্রম প্রতিবেদন সংশ্লিষ্ট জেলা লিগ্যাল এইড অফিসে দাখিল করতে হবে।

৭। কোনো বিচারপ্রার্থী, আবেদনকারী, প্রতিপক্ষ বা তাদের প্রতিনিধির নিকট হতে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোনো অর্থ, উপঢৌকন, সুবিধা বা পারিশ্রমিক গ্রহণ করা যাবে না।

৮। দায়িত্ব হতে অব্যাহতি গ্রহণ করতে ইচ্ছুক হলে কমপক্ষে ৩০ (ত্রিশ) দিন পূর্বে লিখিতভাবে বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর এর মহাপরিচালক-কে লিখিতভাবে অবহিত করতে হবে।

৯। স্পেশাল মেডিয়েটর হিসেবে তালিকাভুক্তি কোনো স্থায়ী, অস্থায়ী বা নিয়মিত সরকারি চাকরি হিসেবে গণ্য হবে না এবং এর দ্বারা সরকারি চাকরি বা আর্থিক সুবিধার কোনো অধিকার সৃষ্টি হবে না।

১০। আইন, বিধিমালা, অধিদপ্তরের নির্দেশনা বা আচরণগত শর্ত লঙ্ঘিত হলে অধিদপ্তর যেকোনো সময় স্পেশাল মেডিয়েটর এর তালিকাভুক্তি স্থগিত বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১১। প্রয়োজন অনুসারে প্রশিক্ষণ, ওরিয়েন্টেশন বা সক্ষমতা উন্নয়ন কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে।

## ৫। সম্মানী/ফি:

আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০, প্রযোজ্য বিধিমালা এবং সংশ্লিষ্ট প্রবিধানমালা অনুযায়ী স্পেশাল মেডিয়েটরগণ সম্মানী (Fee) প্রাপ্য হবেন।

**সম্মানী/ফি হার:**

ক) প্রতি কার্যদিবসের জন্য সর্বোচ্চ ২,০০০ (দুই হাজার) টাকা।

খ) প্রতিটি মধ্যস্থতা চুক্তির জন্য সর্বোচ্চ ১,০০০ (এক হাজার) টাকা।

## ৬। প্রয়োজনীয় কাগজপত্র:

১। আবেদনপত্র (www.dbla.gov.bd ওয়েবসাইট হতে ডাউনলোডযোগ্য)।

২। সদ্য তোলা ০২ (দুই) কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

৩। জাতীয় পরিচয়পত্রের অনুলিপি।

৪। আইনজীবীদের ক্ষেত্রে বার কাউন্সিল সনদ এবং সংশ্লিষ্ট আইনজীবী সমিতির বৈধ সদস্যপদের প্রমাণপত্র।

৫। মধ্যস্থতা/ADR বিষয়ে প্রশিক্ষণের সনদপত্র (যদি থাকে)।

৬। অভিজ্ঞতার প্রমাণক দলিলাদি (যদি থাকে)।

৭। জীবন বৃত্তান্ত।

## ৭। আবেদন দাখিলের পদ্ধতি:

আগ্রহী আইনজীবীকে **আগামী ২৮ জুলাই ২০২৬ তারিখ অফিস চলাকালীন সময়ে মধ্যে** বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর ইমেইল এড্রেস sm@dbla.gov.bd বরাবর আবেদনপত্র প্রেরণ করতে হবে।

## ৮। সাধারণ নির্দেশনা:

১। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ অথবা নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

২। প্রাথমিক যাচাই-বাছাইয়ের ভিত্তিতে যোগ্য প্রার্থীদের সাক্ষাৎকার, উপস্থাপনা বা মূল্যায়নের জন্য আহ্বান করা হতে পারে।

৩। স্পেশাল মেডিয়েটর তালিকাভুক্তির সংখ্যা নির্ধারণ এবং চূড়ান্ত নির্বাচন সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর সংরক্ষণ করে।

৪। বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো আবেদন গ্রহণ বা বাতিল এবং বিজ্ঞপ্তির শর্তাবলি সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করে।

৫। আবেদনপত্র দাখিলের মাধ্যমে আবেদনকারী এ মর্মে সম্মতি প্রদান করবেন যে, স্পেশাল মেডিয়েটর হিসেবে তালিকাভুক্ত হলে তিনি আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০, আইনগত সহায়তা প্রদান (আইনি পরামর্শ ও মধ্যস্থতা) বিধিমালা, ২০২৫ এবং অধিদপ্তর কর্তৃক জারিকৃত সকল আদেশ, নির্দেশনা ও শর্তাবলি যথাযথভাবে প্রতিপালন করবেন।

৬। পূর্ব আবেদনকারীদের নতুন করে আবেদন করার আবশ্যকতা নেই।

**৯। <u>সাক্ষাৎকার গ্রহণ:</u>**

**আগামী ৩০ জুলাই ২০২৬ তারিখ দুপুর ৩:০০ ঘটিকার সময় বাছাইকৃত আবেদনকারীদের অনলাইনে সাক্ষাৎকার গ্রহণ করা হবে।** সাক্ষাৎকার গ্রহণের জন্য নির্ধারিত জুম (Zoom) আইডি এবং পাসওয়ার্ড যথাসময় আবেদনকারী আইনজীবীদের নিজ নিজ ইমেইল ঠিকানায় প্রেরণ করা হবে।

২৩/০৭/২৬

**(মোঃ মঞ্জুরুল হোসেন)**
মহাপরিচালক
(সিনিয়র জেলা জজ)
বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর

স্মারক নং- ১০.০৭.০০০০.০০১.৯৯.০১১.২৬-২৯৮/১(৭)

তারিখঃ ০৮ শ্রাবণ ১৪৩৩ / ২৩ জুলাই ২০২৬

**<u>কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>**

১। চীফ লিগ্যাল এইড অফিসার/লিগ্যাল এইড অফিসার, জেলা লিগ্যাল এইড অফিস - কক্সবাজার, ভোলা, পটুয়াখালী, পঞ্চগড় এবং টাঙ্গাইল **(সকল চৌকি আদালত, লিগ্যাল এইড অফিস এর নোটিশ বোর্ড, জেলা আইনজীবী সমিতির নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।**

**<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>**

১। চেয়ারম্যান, জেলা লিগ্যাল এইড কমিটি এবং বিজ্ঞ জেলা ও দায়রা জজ কক্সবাজার, ভোলা, পটুয়াখালী পঞ্চগড় এবং টাঙ্গাইল।
২। উপপরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।
৩। সহকারী পরিচালক (প্রশাসন/মনিটরিং/অর্থ ও হিসাব), বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।
৪। সহকারী মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার, বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।
৬। গার্ড ফাইল/অফিস কপি।

23.7.26

**(রিফাত আর সুলতানা)**
সহকারী পরিচালক (প্রশাসন)
(সিনিয়র সিভিল জজ)
বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর